দৈনিক
ইনকিলাব

তারিখ 20 JUN 2012
পৃষ্ঠা ২ কলাম ২

গতকাল ঢাকার টিচার্স ট্রেনিং কলেজে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ডের উদ্যোগে অবসরপ্রাপ্ত ৪৫১ জন শিক্ষক কর্মচারীকে ২৮ কোটি টাকার চেক বিতরণ করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ

শিক্ষক কর্মচারীদের মাঝে অবসর সুবিধা বোর্ডের ২৮ কোটি টাকার চেক বিতরণ

তথ্যবিবরণী ঃ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল হজ্ব গমনেচ্ছু ৪৫১ জন শিক্ষক-কর্মচারীর মাঝে অবসর সুবিধা বোর্ডের প্রায় ২৮ কোটি টাকার চেক বিতরণ করেন।

শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সভাপতিত্বে ঢাকা সরকারী টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে আয়োজিত চেক বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব অধ্যাপক আসাদুল হক, সদস্য মাওলানা শাকির আহমেদ মোমতাজী ও কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব অধ্যক্ষ মো: শাহজাহান আলম সাজু বক্তৃতা করেন।

হজ্ব গমনেচ্ছুদের উদ্দেশে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বর্তমান সরকার শিক্ষক-কর্মচারীদের আর্থিক প্রাপ্তিতে সকল রকমের ভোগান্তি দূর করে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টকে সম্পূর্ণ সেবামুখী প্রতিষ্ঠানে রূপ দিতে কাজ করেছে। 'এখন থেকে শিক্ষক চেকের পেছনে নয়, চেক শিক্ষকের পেছনে ছুটবে' নীতিতে কাজ করছি। তিনি বলেন, অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা এখন অনলাইনে অবসর ও কল্যাণ ভাতার জন্য আবেদন করতে পারছেন। অসুস্থ, মেয়ের বিয়ে, হজ্ব ও তীর্থ গমনের ক্ষেত্রে জরুরী ব্যবস্থায় শিক্ষক-কর্মচারীদের ভাতাদি প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। অনেক অসুস্থ শিক্ষকের চেক বাড়িতে পৌঁছে দেয়া হয়েছে। তিনি শিক্ষক-কর্মচারীদের ভোগান্তি মোচনে সংশ্লিষ্টদেরকে আরো আন্তরিক হওয়ার আহ্বান জানান।